| 30. | 44.04 | All H.S code | Hoopwood; split poles; piles, pickets and stakes of wood, pointed but not sawn lengthwise; wooden sticks, roughly trimmed but not turned, bent or otherwise worked, suitable for the manufacture of walking-sticks, umbrellas, tool handles or the like; chip wood and the like. |
| 31. | 44.05 | All H.S code | Wood wool; wood flour. |
| 32. | 72.02 | 7202.21.00 | Ferro-silicon: Containing by weight more than 55% of silicon |
| 33. | 72.07 | 7207.19.00 | Other: |

(ছ) নিম্নবর্ণিত সারণী-৬ এ উল্লিখিত পণ্য আমদানির ক্ষেত্রে আমদানিকৃত পণ্য মূল্যের উপর ৩% (তিন শতাংশ) হারে : —

**সারণী-৬**

| ক্রমিক নং | শিরোনাম | এইচ এস কোড | বর্ণনা |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| 1. | 25.06 | 2506.20.00 | Quartzite |
| 2. | 25.18 | 2518.10.00 | Dolomite not calcined or sintered |
| 3. | 25.21 | 2521.00.10 | Lime Stone only used for cement manufacturing |
| 4. | 26.18 | 2618.00.00 | Slag only used for cement manufacturing |
| 5. | 26.20 | 2620.99.10 | Fly Ash only used for cement manufacturing |
| 6. | 27.04 | 2704.00.00 | Coke and semi-coke of coal, of lignite or of peat; retort carbon |
| 7. | 53.05 | 5305.00.10 | Coco substrate; coco pellet; growing media |

| ক্রমিক নং | শিরোনাম | এইচ এস কোড | বর্ণনা |
|---|---|---|---|
| 8. | 72.08 | 7208.39.20 | Hot rolled coil used only for CI sheet manufacturing |
| 9. | 79.01 | 7901.11.90 | Zink, Not Alloyed, >=99.99% Pure, Nes used only for CI sheet manufacturing |

(জ) নিম্নবর্ণিত সারণী-৭ এ উল্লিখিত পণ্য আমদানির ক্ষেত্রে আমদানিকৃত পণ্য মূল্যের উপর ২০% (বিশ শতাংশ) হারে:—

সারণী-৭

| ক্রমিক নং | শিরোনাম | এইচ এস কোড | বর্ণনা |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| 1. | 22.07 | 2207.10.00 | Undenatured Ethyl Alcohol, Of Alcoholic Strength >=80% By Vol. |
| 2. | 22.07 | 2207.20.00 | Ethyl Alcohol and Other Denatured Spirits Of Any Strength |
| 3. | 22.08 | 2208.20.00 | Spirits From Distilled Grape Wine or Grape Marc |
| 4. | 22.08 | 2208.30.00 | Whiskeys |
| 5. | 22.08 | 2208.40.00 | Rum And Tafia |
| 6. | 22.08 | 2208.50.00 | Gin And Geneva |
| 7. | 22.08 | 2208.60.00 | Vodka |
| 8. | 22.08 | 2208.70.00 | Liqueurs And Cordials |
| 9. | 22.08 | 2208.90.00 | Other Spirituous Beverages, Nes |
| 10. | 33.08 | 3303.00.00 | Perfumes And Toilet Waters |

(২) যেইক্ষেত্রে এই বিধির অধীন উৎসে করের প্রযোজ্যতা রহিয়াছে, এইরূপ আমদানিকারক অথবা আমদানি হইতে আয়, কোনো আয়বর্ষে করমুক্ত হয় বা হ্রাসকৃত হারে করারোপযোগ্য হয়, সেইক্ষেত্রে উক্ত আমদানিকারকের আবেদনের ভিত্তিতে বোর্ড, সংশ্লিষ্ট আয়বর্ষের জন্য কোনো কর কর্তন ছাড়াই বা হ্রাসকৃত হারে উৎসে কর কর্তনের জন্য, যেইরূপ উপযুক্ত প্রতীয়মান হয়, সেইরূপে লিখিতভাবে সনদপত্র দিতে পারিবে।

(৩) এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে, "আমদানিকৃত পণ্যের মূল্য" বলিতে বুঝাইবে Customs Act, 1969 (Act No. IV of 1969) এর ধারা ২৫ অনুযায়ী নির্ধারিত আমদানি পণ্যের মূল্য।

৮। **উৎসে কর্তনকৃত কর জমাদানের সময়সীমা।**—আইনের সপ্তম অংশের বিধান অনুসারে কর্তনকৃত অথবা সংগ্রহকৃত সকল অংকসমূহ সরকারি কোষাগারে নিম্নরূপভাবে জমা প্রদান করিতে হইবে:—

| ক্রমিক নং | কর্তন ও সংগ্রহের সময় | সরকারি কোষাগারে জমাদানের তারিখ |
|---|---|---|
| ক। | অর্থবৎসরের জুলাই থেকে মে মাসের যেকোনো কর্তন বা সংগ্রহের ক্ষেত্রে | কর্তন বা সংগ্রহের মাসের শেষে পরবর্তী ০২ (দুই) সপ্তাহের মধ্যে |
| খ। | অর্থবৎসরের জুন মাসের ১ম থেকে ২০তম দিনের যে কোনো দিনের কর্তন বা সংগ্রহের ক্ষেত্রে | কর্তন বা সংগ্রহের দিনের পরবর্তী ০৭ (সাত) দিনের মধ্যে |
| গ। | অর্থবৎসরের জুন মাসের অন্যান্য যেকোনো দিনের কর্তন বা সংগ্রহের ক্ষেত্রে | কর্তন বা সংগ্রহের পরবর্তী দিন |

৯। **উৎসে কর্তনকৃত বা সংগৃহীত কর পরিশোধের পদ্ধতি।**—এই আইনের অংশ ৭ এর আওতাধীন কর কর্তন বা সংগ্রহের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি বিধি ৮ এ বর্ণিত নির্দিষ্ট সময়ের মধ্যে উক্ত কর্তনকৃত অথবা সংগৃহীত কর এ-চালান বা বোর্ড কর্তৃক নির্ধারিত ই-পেমেন্ট এর মাধ্যমে সরকারের অনুকূলে জমা প্রদান করিতে হইবে।

১০। **কর কর্তন বা আদায় ইত্যাদি সংক্রান্ত সার্টিফিকেট জারী।**—(১) যেইক্ষেত্রে "চাকরি হইতে আয়" খাতের অধীন শ্রেণীকরণযোগ্য প্রাপকের আয়, যাহা সরকার কর্তৃক পরিশোধিত বেতন নয়, এর সূত্রে আইনের ধারা ১৪৫ এর অধীন কর কর্তনের আওতায় যে কোনো পরিমাণ পরিশোধ করা হইয়াছে সেইক্ষেত্রে তৎসংক্রান্ত সনদ তফসিল ২ মোতাবেক প্রদান করিতে হইবে।

(২) যেইক্ষেত্রে ধারা ৮৬ ব্যতীত অন্য যে কোনো ধারার অধীন কর কর্তন করা হইয়াছে, সেক্ষেত্রে ধারা ১৪৫ এর অধীন কর কর্তনের সনদ তফসিল ৩ মোতাবেক প্রদান করিতে হইবে।

(৩) যেইক্ষেত্রে অংশ ৭ এর অধীন যে কোনো পরিমাণ কর সংগ্রহ করা হইয়াছে, সেইক্ষেত্রে ধারা ১৪৫ এর অধীন কর সংগ্রহের সনদ তফসিল ৪ মোতাবেক প্রদান করিতে হইবে।

(৪) কর্তনকৃত বা আদায়কৃত কর সরকারি কোষাগারে পরিশোধের এ-চালান এই বিধিতে বর্ণিত সনদ এর সাথে দাখিল করিতে হইবে।

(৫) যেই মাসে কর্তন সম্পন্ন করা হইয়াছে তৎপরবর্তী মাসের ২ (দুই) সপ্তাহের মধ্যে অথবা যেই ব্যক্তি হইতে কর কর্তন বা সংগ্রহ করা হইয়াছে তাহার করদায় নিষ্পন্ন করিতে উপযোগী হয় এইরূপ সময়ের মধ্যে কর্তন বা সংগ্রহ সংক্রান্ত সনদ প্রদান করিতে হইবে।

(৬) এই বিধির উদ্দেশ্যপূরণকল্পে, বিল অব এন্ট্রি, রেজিস্ট্রেশন দলিল, ব্যাংক বিবরণী, পরিশোধের দলিল অথবা কর্তন বা সংগ্রহ এর বিবরণ সংক্রান্ত তথ্যাদি সনদ হিসেবে গণ্য করা যাইবে।

(৭) "চাকরি হইতে আয়" খাতের অধীন উৎস হইতে কর্তনের ক্ষেত্রে উপ-বিধি (৬) এর বিবরণী প্রযোজ্য হইবে না।

১১। **কর ব্যতীত পরিশোধ এর ক্ষেত্রে গ্রস-আপ পূর্বক কর কর্তন বা সংগ্রহ।**—(১) যেইক্ষেত্রে অর্থ পরিশোধের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি কোনো কর ব্যতীত কোনো পরিশোধ করেন, সেইক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতিতে পরিগণিত অঙ্কের উপর প্রযোজ্য হারে কর কর্তন করিতে হইবে, যথা:-

গ = (১০০ × ক)/(১০০-খ), যেখানে—

গ = কর্তনের উদ্দেশ্যে পরিগণিত অঙ্ক,

ক = কর ব্যতীত পরিশোধ এর পরিমাণ,

খ = প্রযোজ্য করহার।

(২) যেইক্ষেত্রে, কর ব্যতীত পরিশোধের প্রাপক,—

(ক) রিটার্ন দাখিলের প্রমাণ উপস্থাপনে বাধ্য কিন্তু উহা উপস্থাপনে ব্যর্থ হইয়াছেন; বা

(খ) ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে পরিশোধ গ্রহণে ব্যর্থ হইয়াছেন,

সেইক্ষেত্রে, উপ-বিধি (১) এ বর্ণিত 'খ' আইনের অংশ ৭ এর বিধানানুযায়ী নির্ধারিত হইবে।

(৩) এই বিধির উদ্দেশ্যপূরণকল্পে, "**কর ব্যতীত পরিশোধ**" অর্থ কোনো চুক্তি বা বন্দোবস্তের আওতায় উৎসে কর কর্তন বা সংগ্রহ ব্যতিরেকে পরিশোধকারী কর্তৃক প্রাপকের বরাবর কোনো পরিশোধ।

১২। **উৎসে কর কর্তন বা সংগ্রহের সাধারণ বিধান।**- (১) ধারা ১১৯ এর ব্যতিক্রম সাপেক্ষে ও আইনের অংশ ৭ এ ভিন্নরূপ কোনো বিধান না থাকিলে, এই বিধিমালার অধীন কর কর্তন বা সংগ্রহের ক্ষেত্রে, যাহার নিকট হইতে কর কর্তন বা সংগ্রহ করা হইবে সেই ব্যক্তি রিটার্ন দাখিলের প্রমাণ উপস্থাপন করিতে ব্যর্থ হইলে উৎসে কর কর্তন বা সংগ্রহের হার প্রযোজ্য হার অপেক্ষা ৫০% (পঞ্চাশ শতাংশ) অধিক হইবে।

(২) ভিন্নরূপ কোনো বিধান না থাকিলে, এই আইনের অংশ ৭ এর অধীন কর কর্তন বা সংগ্রহের ক্ষেত্রে, যাহার নিকট হইতে কর কর্তন বা সংগ্রহ করা হইবে সেই ব্যক্তি চুক্তিমূল্য, বিল, ভাড়া, ফি, চার্জ, রেমুনারেশন, বেতনাদি বা অন্য কোনো অর্থ পরিশোধ তাহা যে নামেই অভিহিত হউক না কেন, বাবদ কোনো অর্থ ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে গ্রহণ না করিলে উৎসে কর কর্তন বা সংগ্রহের হার প্রযোজ্য হার অপেক্ষা ৫০% (পঞ্চাশ শতাংশ) অধিক হইবে।

১৩। **উৎসে কর এর রিটার্ন দাখিল।**—আইনের এর ধারা ১৭৭ মোতাবেক তফসিল ১ এ বর্ণিত উৎসে কর এর রিটার্ন দাখিল করিতে হইবে।

**তফসিল-১**

জাতীয় রাজস্ব বোর্ড www.nbr.gov.bd

## উৎসে কর রিটার্ন

[বিধি ১৩ দ্রষ্টব্য]

### অংশ ১

### মৌলিক তথ্যাদি

| | | | |
|---|---|---|---|
| ০১ | অর্থবর্ষ<br>২ ০ _ _ - _ _ | ০২ | ___________ মাসের জন্য প্রযোজ্য |
| ০৩ | রিটার্ন দাখিলকারী ব্যক্তির নাম: | | |
| ০৪ | ব্যক্তির মর্যাদা (একটি টিক দিন): | | |
| | ০৪ক কোম্পানি ☐ | ০৪খ | ব্যক্তি সংঘ ☐ |
| | ০৪গ ফার্ম ☐ | ০৪ঘ | অন্যান্য ব্যক্তি ☐ |
| ০৫ | টিআইএন: | ০৬ | উইথহোল্ডিং সনাক্তকরণ নম্বর: |
| ০৭ | সার্কেল: | ০৮ | কর অঞ্চল: |
| ০৯ | ঠিকানা: | ১০ | ফোন নং: |
| ১১ | ফ্যাক্স: | ১২ | ইমেইল: |
| ১৩ | মূল ব্যবসা (খাত): | | |
| ১৪ | লিয়াজোঁ বা শাখা অফিস এর ক্ষেত্রে: | | |
| | ১৪ক মূল কোম্পানির নাম | | |
| | ১৪খ মূল কোম্পানির ট্যাক্স রেসিডেন্স | | |

**অংশ ২**

**উৎসে কর কর্তনের বিবরণ**

| ১৫ | উৎসে কর্তিত করের উৎস ও পরিমাণ | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | ক্রমিক নং | উৎস | ধারা | যাদের হতে উৎসে কর কর্তিত হয়েছে তাদের সংখ্যা | ___ মাসে উৎসে কর্তিত করের পরিমাণ | ___ মাস পর্যন্ত উৎসে কর্তিত করের পরিমাণ |
| | (১) | চাকরি হইতে আয় **(সংযুক্ত তফসিল গ দেখুন)** | ৮৬ | | | |
| | (২) | শ্রমিক অংশগ্রহণ তহবিলে প্রদত্ত অর্থ হইতে | ৮৮ | | | |
| | (৩) | ঠিকাদার, সরবরাহকারী ইত্যাদিকে প্রদত্ত অর্থ হইতে | ৮৯ | | | |
| | (৪) | সেবার ক্ষেত্রে পরিশোধ হইতে **(সংযুক্ত তফসিল ক দেখুন)** | ৯০ | | | |
| | (৫) | স্পর্শাতীত সম্পত্তির জন্য পরিশোধিত অর্থ | ৯১ | | | |
| | (৬) | প্রচার মাধ্যমের বিজ্ঞাপন আয় হইতে | ৯২ | | | |
| | (৭) | অভিনেতা, অভিনেত্রী, প্রযোজক, ইত্যাদি ব্যক্তিকে পরিশোধিত অর্থ হইতে | ৯৩ | | | |
| | (৮) | কমিশন, ডিসকাউন্ট, ফি, ইত্যাদি হইতে | ৯৪ | | | |
| | (৯) | ট্রাভেল এজেন্ট এর নিকট হইতে | ৯৫ | | | |
| | (১০) | ঋণপত্রের কমিশন হিসাবে প্রাপ্ত অর্থ হইতে | ৯৬ | | | |
| | (১১) | স্থানীয় ঋণপত্রের কমিশন হিসাবে প্রাপ্ত অর্থ হইতে | ৯৭ | | | |
| | (১২) | সেলুলার মোবাইল ফোন অপারেটর কর্তৃক পরিশোধিত অর্থের উপর | ৯৮ | | | |

| | ক্রমিক নং | উৎস | ধারা | যাদের হতে উৎসে কর কর্তিত হয়েছে তাদের সংখ্যা | ___ মাসে উৎসে কর্তিত করের পরিমাণ | ___ মাস পর্যন্ত উৎসে কর্তিত করের পরিমাণ |
|---|---|---|---|---|---|---|
| | (১৩) | জীবন বীমা পলিসির প্রিমিয়ামের অতিরিক্ত কোনো পরিশোধ হইতে | ৯৯ | | | |
| | (১৪) | বীমার কমিশনের অর্থ হইতে | ১০০ | | | |
| | (১৫) | সাধারণ বীমা কোম্পানি জরিপকারীদের ফি | ১০১ | | | |
| | (১৬) | সুদ হইতে **(সংযুক্ত তফসিল ঘ দেখুন)** | ১০২ | | | |
| | (১৭) | নিবাসী ব্যক্তিকে পরিশোধিত সুদ হইতে কর কর্তন | ১০৪ | | | |
| | (১৮) | আন্তর্জাতিক ফোন কলের জন্য প্রাপ্ত অর্থ হইতে | ১০৮ | | | |
| | (১৯) | ভাড়া হইতে উৎসে কর | ১০৯ | | | |
| | (২০) | কনভেনশন হল, কনফারেন্স সেন্টার, ইত্যাদি হইতে সেবা প্রদানের জন্য | ১১০ | | | |
| | (২১) | নগদ রপ্তানি ভর্তুকির উপর | ১১২ | | | |
| | (২২) | পরিবহন মাশুল ফরওয়ার্ড এজেন্সি কমিশন হইতে | ১১৩ | | | |
| | (২৩) | বিদ্যুৎ ক্রয়ের বিপরীতে কর কর্তন | ১১৪ | | | |
| | (২৪) | রিয়েল এস্টেট উন্নয়নকারির (ডেভেলপার) নিকট হইতে ভূমির মালিক কর্তৃক প্রাপ্ত আয় হইতে কর কর্তন | ১১৫ | | | |
| | (২৫) | বিদেশী ক্রেতার এজেন্টকে প্রদত্ত কমিশন বা পারিশ্রমিক | ১১৬ | | | |
| | (২৬) | লভ্যাংশ হইতে **(সংযুক্ত তফসিল ঙ দেখুন)** | ১১৭ | | | |
| | (২৭) | লটারি, ইত্যাদি হইতে প্রাপ্ত আয় হইতে | ১১৮ | | | |

| | ক্রমিক নং | উৎস | ধারা | যাদের হতে উৎসে কর কর্তিত হয়েছে তাদের সংখ্যা | ___ মাসে উৎসে কর্তিত করের পরিমাণ | ___ মাস পর্যন্ত উৎসে কর্তিত করের পরিমাণ |
|---|---|---|---|---|---|---|
| | (২৮) | অনিবাসীদের আয় হইতে উৎসে কর কর্তন বা সংগ্রহ (সংযুক্ত তফসিল খ দেখুন) | ১১৯ | | | |
| | (২৯) | রপ্তানি আয় হইতে কর সংগ্রহ | ১২৩ | | | |
| | (৩০) | কোনো সেবা, রেভিনিউ শেয়ারিং, ইত্যাদি বাবদ বিদেশ হইতে প্রেরিত আয় হইতে | ১২৪ | | | |
| | (৩১) | সিগারেট উৎপাদনকারীদের হইতে কর | ১২৯ | | | |
| | (৩২) | কোনো নিবাসীর জাহাজ ব্যবসা হইতে কর | ১৩২ | | | |
| | (৩৩) | প্রকাশ্য নিলামের বিক্রি হইতে কর সংগ্রহ | ১৩৩ | | | |
| | (৩৪) | শেয়ার হস্তান্তর হইতে কর সংগ্রহ | ১৩৪ | | | |
| | (৩৫) | স্টক এক্সেচেঞ্জের শেয়ারহোল্ডারদের শেয়ার স্থানান্তর হইতে কর সংগ্রহ | ১৩৬ | | | |

**অংশ ৩**

**উৎসে কর পরিশোধের বিবরণ**

(প্রমাণাদি সংযুক্ত করুন)

| | | | |
|---|---|---|---|
| ১৬ | উৎসে কর্তিত কর সরকারি কোষাগারে জমা প্রদানের বিবরণ | | |
| | ১৬ক | মোট উৎসে কর্তিত কর | ৳ |
| | ১৬খ | সরকারি কোষাগারে জমা প্রদান | ৳ |
| | ১৬গ | অতিরিক্ত পরিশোধ বা ঘাটতি (যদি থাকে) ১৬এ-১৬বি | ৳ |

| ১৭ | উৎসে কর্তিত কর সরকারি কোষাগারে জমা প্রদানের বিস্তারিত বিবরণ (প্রয়োজনে লাইন যোগ করুন) | | | | |
|---|---|---|---|---|---|
| | ক্রমিক নং | এ চালান নং | তারিখ | ব্যাংক | পরিমাণ ৳ |
| | (১) | | | | |
| | (২) | | | | |
| | (৩) | | | | |
| | (৪) | | | | |
| | (৫) | | | | |
| | (৬) | | | | |
| | (৭) | | | | |
| | (৮) | | | | |
| | (৯) | | | | |
| | (১০) | | | | |
| | (১১) | | | | |
| | (১২) | | | | |
| | ১৭এ | সরকারি কোষাগারে মোট জমা প্রদান | | | |

**অংশ ৪**

সংযুক্তি এবং যাচাইকরণ

| ১৮ | অন্যান্য বিবৃতি, নথি, ইত্যাদি সংযুক্ত করুন (তালিকা করুন) |
|---|---|

| | | |
|---|---|---|
| ১৯ | **প্রতিপাদন**<br>আমি ............................................................ পিতা/স্বামী............................ ................................... ইউটিআইএন/টিআইএন: ..........................................<br>সজ্ঞানে ঘোষণা করছি যে,<br>(ক) এ রিটার্ন এবং বিবরণী ও সংযুক্ত প্রমাণাদিতে প্রদত্ত তথ্য আমার বিশ্বাস ও জানামতে সঠিক ও সম্পূর্ণ;<br>(খ) আমি _______ হিসাবে আমার সামর্থ্য অনুযায়ী এই রিটার্নে স্বাক্ষর করছি এবং আমি এই রিটার্নে স্বাক্ষর করিতে এবং এটি যাচাই করিতে সক্ষম | |
| | নাম | স্বাক্ষর |
| | পদবী | |
| | স্বাক্ষর এর তারিখ (দিন-মাস-বছর)<br>[ ][ ] [ ][ ] [২][০][ ][ ] | স্বাক্ষর এর স্থান |

শুধুমাত্র দাপ্তরিক ব্যবহারের জন্য

রিটার্ন জমার তথ্যাদি

| | |
|---|---|
| জমা প্রদানের তারিখ (দিন-মাস-বছর)<br>[ ][ ][ ][ ] [২][০][ ][ ] | কর অফিস এন্ট্রি নং<br>[ ][ ][ ][ ][ ][ ] |

**তফসিল ক**

**উৎসে কর কর্তনের বিস্তারিত**

| | |
|---|---|
| টিআইএন | উইথহোল্ডিং সনাক্তকরণ নম্বর: |
| যেই অর্থবর্ষ এর রিটার্ন<br>[২][০][ ][ ] - [ ][ ] | মাস |

| ক্রমিক নং | উৎস (সেবা) | যাদের হতে উৎসে কর কর্তিত হয়েছে তাদের সংখ্যা | ___মাসে উৎসে কর্তিত করের পরিমাণ |
|---|---|---|---|
| ১ | উপদেষ্টা বা পরামর্শ | | |
| ২ | পেশাদার সেবা (Professional service), প্রযুক্তিগত সেবা ফি (technical services), বা প্রযুক্তিগত সহায়তা ফি (technical know-how or technical assistance) | | |
| ৩ | ক্যাটারিং | | |
| ৪ | ক্লিনিং | | |
| ৫ | সংগ্রহ এবং পুনরুদ্ধার এজেন্সি | | |
| ৬ | ইভেন্ট পরিচালনা, প্রশিক্ষণ, কর্মশালা ইত্যাদি | | |
| ৭ | ব্যক্তিগত নিরাপত্তা | | |
| ৮ | জনবল সরবরাহ | | |
| ৯ | ইন্ডেন্টিং কমিশন | | |
| ১০ | মিটিং ফি, ট্রেনিং ফি বা সম্মানী | | |
| ১১ | মোবাইল নেটওয়ার্ক অপারেটর, প্রযুক্তিগত সহায়তা সেবা প্রদানকারী বা মোবাইল ব্যাংকিং কার্যক্রমে নিযুক্ত সরবরাহকারী এজেন্ট | | |
| ১২ | ক্রেডিট রেটিং এজেন্সি | | |
| ১৩ | মোটর গ্যারেজ বা ওয়ার্কশপ | | |
| ১৪ | ব্যক্তিগত কন্টেইনার পোর্ট বা ডকইয়ার্ড | | |
| ১৫ | শিপিং এজেন্সি কমিশন | | |
| ১৬ | স্টিভডোরিং/বার্থ অপারেশন কমিশন | | |
| ১৭ | পরিবহন সেবা, গাড়ি ভাড়া | | |
| ১৮ | উপরে উল্লিখিত নয় এমন কোনো সেবা | | |
| মোট | | | |

| নাম | স্বাক্ষর ও তারিখ |
|---|---|

**তফসিল খ**

**উৎসে কর কর্তনের বিস্তারিত**

| টিআইএন: | উইথহোল্ডিং সনাক্তকরণ নম্বর: |
|---|---|
| যেই আয়বর্ষ এর রিটার্ন<br>২ ০ _ _ - _ _ | মাস: |

| ক্রমিক নং | উৎস (সেবা) | যাদের হতে উৎসে কর কর্তিত হয়েছে তাদের সংখ্যা | ___ মাসে উৎসে কর্তিত করের পরিমাণ |
|---|---|---|---|
| ১ | উপদেষ্টা বা পরামর্শ | | |
| ২ | প্রি-শিপমেন্ট পরিদর্শন | | |
| ৩ | পেশাদার সেবা (Professional service), প্রযুক্তিগত সেবা ফি (technical services), বা প্রযুক্তিগত সহায়তা ফি (technical know-how or technical assistance) | | |
| ৪ | আর্কিটেকচার, ইন্টেরিয়র ডিজাইন বা ল্যান্ডস্কেপ ডিজাইন, ফ্যাশন ডিজাইন বা প্রসেস ডিজাইন | | |
| ৫ | সার্টিফিকেশন, রেটিং ইত্যাদি | | |
| ৬ | স্যাটেলাইট, এয়ারটাইম বা ফ্রিকোয়েন্সি ব্যবহার বাবদ ভাড়া বা অন্য কোনো ব্যয়/ চ্যানেল সম্প্রচার বাবদ ভাড়া | | |
| ৭ | আইনি সেবা | | |
| ৮ | ইভেন্ট ম্যানেজমেন্টসহ ব্যবস্থাপনা সেবা | | |
| ৯ | কমিশন | | |
| ১০ | রয়্যালটি, লাইসেন্স ফি বা স্পর্শাতীত সম্পত্তির জন্য পরিশোধিত অর্থ | | |
| ১১ | সুদ | | |

| | | | |
|---|---|---|---|
| ১২ | বিজ্ঞাপন সম্প্রচার, বিজ্ঞাপন নির্মাণ ও ডিজিটাল মার্কেটিং | | |
| ১৪ | বিমান পরিবহন বা নৌ পরিবহন | | |
| ১৫ | কন্ট্রাক্ট বা সাব-কন্ট্রাক্ট | | |
| ১৬ | সরবরাহ | | |
| ১৭ | মূলধনি মুনাফা | | |
| ১৮ | বীমা প্রিমিয়াম | | |
| ১৯ | যন্ত্রপাতি, সরঞ্জাম ইত্যাদি ভাড়া | | |
| ২০ | লভ্যাংশ | | |
| ২১ | শিল্পী, গায়ক বা খেলোয়ার | | |
| ২২ | বেতন বা পারিশ্রমিক | | |
| ২৩ | পেট্রোলিয়াম অপারেশনের অনুসন্ধান বা ড্রিলিং | | |
| ২৪ | তেল বা গ্যাস অনুসন্ধানের জন্য সমীক্ষা | | |
| ২৫ | তেল বা গ্যাসক্ষেত্র এবং এর রপ্তানি পয়েন্টের মধ্যে সংযোগ স্থাপনের জন্য যেকোনো সেবা | | |
| ২৬ | ব্যান্ডউইদ বাবদ পরিশোধ | | |
| ২৬ | উপরে উল্লিখিত নয় এমন কোনোও সেবার বিপরীতে কোনোও অর্থপ্রদান | | |
| ২৭ | অন্য কোনো অর্থপ্রদান | | |
| মোট | | | |

| নাম | স্বাক্ষর ও তারিখ |
|---|---|

## তফসিল গ

## বেতন হইতে উৎসে কর কর্তনের বিস্তারিত

| যে কর্মচারীর কাছ থেকে কর কর্তন করা হইয়াছে তার বিবরণ | | | |
|---|---|---|---|
| ক্রমিক নং | নাম | পদবী | টিআইএন |
| ১ | ২ | ৩ | ৪ |

| বেতন বিবরণ | | | | | |
|---|---|---|---|---|---|
| মূল বেতন | বোনাস, বকেয়া, অগ্রিম, ছুটি, ওভারটাইম | বাড়ি ভাড়া ভাতা | পরিবহন ভাতা | চিকিৎসা ভাতা | অন্যান্য ভাতা |
| ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| | | | | | |

| অ-নগদ সুবিধার মূল্য: বাসস্থান | অ-নগদ সুবিধার মূল্য: পরিবহন | অ-নগদ সুবিধার মূল্য: অন্যান্য | RPF/GF/PF-এ নিয়োগকর্তার অবদান | মোট | উৎসে কর্তিত কর |
|---|---|---|---|---|---|
| ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| | | | | | |

২। উৎসে কর্তিত কর সরকারি কোষাগারে জমা প্রদানের বিবরণ

| চালান নং | চালান তারিখ | ব্যাংক এর নাম | পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | | | |

স্বাক্ষর ও সীল

নাম:

পদবী:

তারিখ:

**তফসিল ঘ**

**সুদ হইতে উৎসে কর কর্তনের বিস্তারিত**

প্রদানকারীর নাম

| ক্রমিক নং | পরিশোধ কারীর নাম | পরিশোধ কারীর ঠিকানা | পরিশোধ কারীর নিবাসী/অনিবাসী | পরিশোধ এর তারিখ | সুদের পরিমাণ বা মোট সুদের পরিমাণ | উৎসে কর্তিত করের পরিমাণ, যদি থাকে | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| | | | | | | | |

স্বাক্ষর.............................

তারিখ.....................................পদবী...............................

**তফসিল ঙ**

**লভ্যাংশ হইতে উৎসে কর কর্তনের বিস্তারিত**

**নিবাসী/অনিবাসী শেয়ারহোল্ডার**

| ক্রমিক নং | শেয়ারহোল্ডারের নাম | শেয়ারহোল্ডারের ঠিকানা | ডিভিডেন্ড প্রদানের তারিখ | ডিভিডেন্ড প্রদানের প্রকৃতি (মধ্যবর্তী/চূড়ান্ত) |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| | | | | |
| | | | | |

| শেয়ারহোল্ডারের অধীনে থাকা শেয়ারের সংখ্যা এবং বিবরণ | প্রদত্ত বা বিতরণকৃত লভ্যাংশের পরিমাণ | উক্ত লভ্যাংশ হইতে উৎসে কর্তনকৃত করের পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| (৬) | (৭) | (৮) | (৯) |
| | | | |

স্বাক্ষর.............................

তারিখ.....................................পদবী................................

দ্রষ্টব্য: আবাসিক এবং অনাবাসিক শেয়ারহোল্ডারদের জন্য পৃথক ফর্ম ব্যবহার করিতে হইবে।

**তফসিল চ**

**বেতন পরিশোধের বিস্তারিত বিবরণ**

**(এই বিবরণী বৎসরে একবার দাখিল করিতে হইবে এবং কেবল সেপ্টেম্বর মাসে দাখিলকৃত রিটার্নের সহিত দাখিল করিতে হইবে)**

**আয়বর্ষ:**

| নিয়োগকর্তা | টিআইএন | উইথহোল্ডার শনাক্তকরণ নম্বর |
|---|---|---|
| ঠিকানা: | ফোন: | ই-মেইল: |

**অংশ ১**

| | যে কর্মচারীর নিকট হইতে কর কর্তন করা হয় তাহার বিবরণ | | |
|---|---|---|---|
| ক্রমিক নং | কর্মচারীর নাম | পদবী | টিআইএন |
| ১ | ২ | ৩ | ৪ |
| | | | |

| বেতন আয়ের বিস্তারিত | | | | | |
|---|---|---|---|---|---|
| মূল বেতন | বোনাস, বকেয়া, অগ্রীম, ছুটি নগদায়ন, ওভারটাইম | বাসা ভাড়া ভাতা | যাতায়াত ভাতা | চিকিৎসা ভাতা | অন্যান্য ভাতা |
| ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| | | | | | |

| নগদ ব্যতিত অন্যান্য সুবিধাদি এর মূল্যমান: আবাসন | নগদ ব্যতিত অন্যান্য সুবিধাদি এর মূল্যমান: যাতায়াত | নগদ ব্যতিত অন্যান্য সুবিধাদি এর মূল্যমান: অন্যান্য | আরপিএফ/জিএফ/পিএফ এ নিয়োগকর্তার অবদান | অন্যান্য পরিশোধ | মোট |
|---|---|---|---|---|---|
| ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| | | | | | |

| কর্তৃত কর | সরকারি কোষাগারে কর জমার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|
| ১৭ | ১৮ | ১৯ |
| | | |

**অংশ ২**

ক। টিআইএন না থাকা কর্মচারীদের যা পরিশোধ করা হইয়াছে

| | | |
|---|---|---|
| ক১ | টিআইএন ছাড়া কর্মচারীর সংখ্যা | |
| ক২ | কর্মচারীদের বেতন হিসাবে মোট অর্থপ্রদানের পরিমাণ | ৳ |
| ক৩ | বারো-সংখ্যার টিআইএন নেই এমন কর্মচারীদের এই ধরনের অর্থপ্রদানের মোট পরিমাণ | ৳ |
| ক৪ | বারো-সংখ্যার টিআইএন নেই এমন কর্মচারীদের এই ধরনের অর্থপ্রদানের পরিমাণ (শতাংশ) (ক৩÷ক২) X ১০০ | |

খ। বিদেশী কর্মীদের পরিশোধের পরিমাণ

| | | |
|---|---|---|
| খ১ | বিদেশী কর্মীদের সংখ্যা | |
| খ২ | বিদেশি কর্মচারীদের বেতন হিসাবে মোট অর্থপ্রদানের পরিমাণ | ৳ |
| খ৩ | বিদেশি কর্মচারীদের এই ধরনের অর্থপ্রদানের মোট পরিমাণ | ৳ |
| খ৪ | বিদেশি কর্মচারীদের এই ধরনের অর্থপ্রদানের মোট পরিমাণ (শতাংশ) (খ৩÷খ২) X ১০০ | |

**অংশ ৩**

অংশ ১ এ উল্লেখ ছাড়াও কর্মচারীদের নগদ প্রদানের বিশদ বিবরণ

| ক্রমিক নং | কর্মচারীর নাম | পদবী | টিআইএন | নগদ প্রদানের পরিমাণ | নগদ প্রদানের কারণ |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| | | | | | |

| পেনশন | গ্রাচুইটি | অন্যান্য অবসর উত্তর সুবিধা | আরপিএফ এর সুদ | ৩২ ধারা অনুযায়ী চাকরি হইতে আয় |
|---|---|---|---|---|
| (৭) | (৮) | (৯) | (১০) | (১১) |
| | | | | |

| কর অব্যাহতিপ্রাপ্ত আয় | বিনিয়োগ কর রেয়াত | অনুমোদিত কর ক্রেডিট | মন্তব্য |
| --- | --- | --- | --- |
| (১২) | (১৩) | (১৪) | (১৫) |
| | | | |

আমি প্রত্যয়ন করছি যে—

ক। উপরোক্ত বিবৃতিতে কর্মচারীদের প্রদানকৃত মোট অর্থের একটি সম্পূর্ণ তালিকা রয়েছে;

খ। বিবরণটি সঠিক এবং সম্পূর্ণ।

স্বাক্ষর ও সীল

নাম ......................................

পদবী

স্বাক্ষরের তারিখ (দিন-মাস-বৎসর):

**তফসিল-ছ**

**কর্মচারীদের রিটার্ন দাখিল সংক্রান্ত বিবরণী**

**(এই বিবরণী বৎসরে একবার দাখিল করিতে হইবে এবং কেবল এপ্রিল মাসে দাখিলকৃত রিটার্নের সহিত দাখিল করিতে হইবে)**

আয়বর্ষ:

নিয়োগকর্তা:

টিআইএন:

ঠিকানা:

| ক্রমিক নং | কর্মচারীর নাম | পদবী | টিআইএন |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | | | |

| কর সার্কেল, কর অঞ্চল/ ইউনিট | রিটার্ন দাখিল এর তারিখ | রিটার্ন দাখিল সাপেক্ষে আয়কর কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সিরিয়াল নম্বর | মন্তব্য |
|---|---|---|---|
| ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | |

আমি প্রত্যয়ন করিতেছি যে—

ক) উপরলিখিত বিবরণীতে কর্মচারীদের একটি সম্পূর্ণ তালিকা এবং তাদের আয়ের রিটার্ন দাখিল করার বিষয়ে বিস্তারিত বিবরণ রহিয়াছে;

খ) বিবরণটি সঠিক এবং সম্পূর্ণ।

স্বাক্ষর ও সীল

নাম

............................

পদবী

স্বাক্ষরের তারিখ (দিন-মাস-বৎসর):

জাতীয় রাজস্ব বোর্ড

www.nbr.gov.bd

**উৎসে কর কর্তন রিটার্ন দাখিলের প্রাপ্তি স্বীকারপত্র**

**(আলাদা কাগজে দাখিল করুন)**

| | |
|---|---|
| আয় বর্ষ<br>২ ০ _ _ - _ _ | ____মাসের জন্য প্রযোজ্য |
| ব্যক্তির নাম | |
| টিআইএন | উইথহোল্ডিং সনাক্তকরণ নম্বর |
| সার্কেল | কর অঞ্চল |
| জমা প্রদানের তারিখ (দিন– মাস –বছর)<br>_ _ _ _ ২ ০ _ _ | কর অফিসের এন্ট্রি নং |
| রিটার্ন গ্রহণকারী কর্মকর্তার স্বাক্ষর ও সীলমোহর | |
| স্বাক্ষরের তারিখ | কর অফিসের যোগাযোগের নম্বর |

## তফসিল ২

**[বিধি ১০ (১) দ্রষ্টব্য]**

“চাকরি হইতে আয়” খাতের অধীন শ্রেণীকরণযোগ্য প্রাপকের আয়,

(যাহা সরকার কর্তৃক পরিশোধিত বেতন নহে)

**হইতে উৎসে কর কর্তনের বা সংগ্রহের সনদপত্র**

(১) যেই ব্যক্তি বা কর্তৃপক্ষ কর্তৃক অনুরূপ অর্থ পরিশোধ করা হইয়াছে তাহার নাম ও ঠিকানা:

(২) যেই মেয়াদের জন্য পরিশোধটি সম্পন্ন করা হইয়াছে:

(৩) কর্মচারীর নাম ও পদবী এবং TIN:

(৪) পরিশোধের বিস্তারিত বিবরণ (যেমন- মূল বেতন, বিবিধ ভাতা এবং অন্যান্য পরিশোধ):

(৫) প্রদত্ত সুবিধাদির মূল্য:

(৬) ধারা ৮৬ এর অধীন প্রয়োজনীয় কর কর্তনের পরিমাণ:

(৭) আয়, রেয়াত বা কর পরিগণনা সংক্রান্ত অন্যান্য প্রাসঙ্গিক তথ্যাদি:

(৮) উৎসে কর কর্তনের পরিমাণ:

(৯) কর্তনকৃত কর সরকারী কোষাগারে জমা বিষয়ে নিম্নবর্ণিত সারণীতে বিবরণাদি:

**সারণী**

| ক্রমিক নং- | চালান নম্বর* | চালানের তারিখ | ব্যাংকের নাম | চালানে মোট টাকার পরিমাণ | সনদে উল্লিখিত টাকার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১. | | | | | | |
| ০২. | | | | | | |
| মোট: | | | | | | |
| কথায়: | | | | | | |

* সনদ ইস্যুকারী ব্যক্তির নাম, পদবী এবং তারিখসহ স্বাক্ষর

* যদি জাতীয় রাজস্ব বোর্ডের সুনির্দিষ্ট নির্দেশনা অনুযায়ী অন্য কোনো মাধ্যমে অর্থ পরিশোধ করা হয় তাহলে সংশ্লিষ্ট মাধ্যমের তথ্যাদি প্রদান করিতে হইবে।

**তফসিল ৩**

**[বিধি ১০ (২) দ্রষ্টব্য]**

**বেতনাদি ব্যতীত হইতে উৎসে কর কর্তনের বিস্তারিত**

(সার্টিফিকেট ইস্যুকারী ব্যক্তি
বা প্রতিষ্ঠানের নাম এবং ঠিকানা)

(অফিসের চিঠির শিরোনাম ব্যবহার করা যাইবে)

উৎসে কর কর্তনের/সংগ্রহের সনদপত্র

ক্রমিক নং তারিখ:

| | | |
|---|---|---|
| ০১। | পরিশোধকারীর নাম | |
| ০২। | পরিশোধকারীর ঠিকানা | |
| ০৩। | পরিশোধকারীর TIN আছে কিনা? | হ্যাঁ ☐ না ☐ |
| ০৪। | ১২ ডিজিটের TIN (যদি ৩নং ক্রমিকের উত্তর হ্যাঁ হয়) | |
| ০৫। | কোনো সময়কালের জন্য পরিশোধ করা হইয়াছে [হইতে (তারিখ) - পর্যন্ত (তারিখ)] | |

০৬. অর্থ পরিশোধ এবং কর কর্তনের বিবরণ (প্রয়োজন অনুযায়ী ছক সংযুক্ত করুন)

| ক্রমিক নং- | পরিশোধের তারিখ | পরিশোধের বিবরণ | ধারা | পরিশোধের পরিমাণ (টাঃ) | কর কর্তনের পরিমাণ (টাঃ) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | | | | | | |
| ২. | | | | | | |

০৭. উৎসে কর্তিত কর সরকারী কোষাগারে পরিশোধ (প্রয়োজন অনুযায়ী ছক সংযুক্ত করুন)

| ক্রমিক নং- | চালান নম্বর* | চালানের তারিখ | ব্যাংকের নাম | চালানে উল্লেখিত পরিমাণ (টাঃ) | অত্র সনদপত্রের সাথে সংশ্লিষ্ট পরিমাণ (টাঃ) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | | | | | | |
| ২ | | | | | | |
| মোট | | | | | | |
| কথায় | | | | | | |

* যদি জাতীয় রাজস্ব বোর্ডের সুনির্দিষ্ট নির্দেশনা অনুযায়ী অন্য কোনো মাধ্যমে অর্থ পরিশোধ করা হয় তাহলে সংশ্লিষ্ট মাধ্যমের তথ্যাদি প্রদান করিতে হইবে।

উপরে প্রদত্ত তথ্যাদি সঠিক এবং সম্পূর্ণ; এই মর্মে সত্যায়িত করুন।

সনদ পত্রটি ইস্যুকারী ব্যক্তির নাম: স্বাক্ষর এবং সিল

পদবী:

উইথহোল্ডার আইডেন্টিফিকেশন নম্বর:

ফোন ও ই-মেইল: তারিখ:

**তফসিল ৪**

**[বিধি ১০ (৩) দ্রষ্টব্য]**

**উৎসে কর কর্তনের বিস্তারিত**

(সার্টিফিকেট ইস্যুকারী ব্যক্তি

বা প্রতিষ্ঠানের নাম এবং ঠিকানা)

(অফিসের চিঠির শিরোনাম ব্যবহার করা যাইবে)

উৎসে কর কর্তনের/সংগ্রহের সনদপত্র

| | | |
|---|---|---|
| নং | | তারিখ |
| ০১. | যে ব্যক্তির নিকট হইতে কর কর্তন করা হইয়াছে তাহার নাম | |
| ০২. | ঠিকানা: | |
| ০৩. | ব্যক্তির TIN আছে কিনা? | হ্যাঁ ☐ না ☐ |
| ০৪. | TIN (যদি ৩নং প্রশ্নের উত্তর হ্যাঁ হয়) | |

০৫. কর সংগ্রহের বিবরণসমূহ (প্রয়োজন অনুযায়ী ছক সংযুক্ত করুন)

| ক্রমিক নম্বর | সংগ্রহের তারিখ | কর সংগ্রহের বিবরণ | ধারা | কর সংগ্রহের পরিমাণ (টাঃ) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | | | | | |
| ২. | | | | | |
| মোট- | | | | | |

০৬. সংগৃহীত কর সরকারী কোষাগারে পরিশোধ (প্রয়োজন অনুযায়ী ছক সংযুক্ত করুন)

| ক্রমিক নং- | চালান নম্বর* | চালানের তারিখ | ব্যাংকের নাম | চালানে উল্লেখিত মোট পরিমাণ (টাঃ) | সনদপত্রে সংশ্লিষ্ট পরিমাণ (টাঃ) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | | | | | | |
| ২. | | | | | | |
| মোট- | | | | | | |
| কথায়- | | | | | | |

* যদি জাতীয় রাজস্ব বোর্ডের সুনির্দিষ্ট নির্দেশনা অনুযায়ী অন্য কোনো মাধ্যমে অর্থ পরিশোধ করা হয় তাহলে সংশ্লিষ্ট মাধ্যমের তথ্যাদি প্রদান করিতে হইবে।

উপরে প্রদত্ত তথ্যাদি সঠিক এবং সম্পূর্ণ, এই মর্মে সত্যায়িত করুন।

সনদপত্র ইস্যুকারী ব্যক্তির নাম: স্বাক্ষর এবং সিল

পদবী

উইথহোল্ডার আইডেন্টিফিকেশন নম্বর

ফোন ও ই-মেইল: তারিখ:

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**ড. সামস উদ্দিন আহমেদ**
**সদস্য (গ্রেড-১)**
**(কর নীতি)।**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**জাতীয় রাজস্ব বোর্ড**
**(আয়কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১২ আষাঢ়, ১৪৩০ বঙ্গাব্দ/২৬ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নং- ২০৭-আইন/আয়কর-০২/২০২৩।**—জাতীয় রাজস্ব বোর্ড, আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ৩৪৩ এ প্রদত্ত ক্ষমতাবলে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **শিরোনাম।**—এই বিধিমালা আয়কর রিটার্ন প্রস্তুতকারী বিধিমালা, ২০২৩ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) **"আইন"** অর্থ আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন);

(খ) **"আয়কর রিটার্ন প্রস্তুতকারী"** অর্থ বিধি ৫ এর অধীন আয়কর রিটার্ন প্রস্তুতকারী হিসাবে তালিকাভুক্ত কোনো ব্যক্তি;

(গ) **"কর অভিজ্ঞান পরীক্ষা"** অর্থ বোর্ড কর্তৃক গৃহীত Tax Aptitude & Accounting Test (TAAT);

(ঘ) **"বোর্ড"** অর্থ জাতীয় রাজস্ব বোর্ড;

(ঙ) **"যোগ্য ব্যক্তি"** অর্থ আইনের ধারা ১৬৬ এর অধীন রিটার্ন দাখিলের বাধ্যবাধকতা রহিয়াছে এইরূপ ব্যক্তি;

(চ) **"সহায়তাকারী প্রতিষ্ঠান"** অর্থ বিধি ৭ এর অধীন বোর্ড কর্তৃক নির্বাচিত কোনো নিবন্ধিত ফার্ম বা কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর অধীন নিগমিত কোনো কোম্পানী।

৩। **আয়কর রিটার্ন প্রস্তুতকারী সনদ প্রাপ্তির যোগ্যতা।**—আয়কর রিটার্ন প্রস্তুতকারী সনদপ্রাপ্তির জন্য নিম্নবর্ণিত যোগ্যতা থাকিতে হইবে, যথা:—

(ক) সরকারি চাকরিতে কর্মরত নন এইরূপ বাংলাদেশি নাগরিক হইতে হইবে;

(খ) ন্যূনতম স্নাতক বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে;

(গ) স্বাভাবিক ব্যক্তি করদাতার আয়কর রিটার্ন প্রস্তুত ও দাখিলের বিষয়ে সম্যক ধারণা থাকিতে হইবে;

(ঘ) কম্পিউটার এবং আইসিটি বিষয়ে ব্যবহারিক জ্ঞান থাকিতে হইবে;

(ঙ) বোর্ড কর্তৃক গৃহীত কর অভিজ্ঞান পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে; এবং

(চ) টিআইএনধারী হইতে হইবে এবং আয়কর রিটার্ন দাখিলের প্রমাণ থাকিতে হইবে।

৪। **আয়কর রিটার্ন প্রস্তুতকারীর সনদ প্রদান।**—(১) বোর্ড, সময় সময়, আয়কর রিটার্ন প্রস্তুতকারীর সনদ প্রদানের যোগ্যতা যাচাইয়ের নিমিত্ত কর অভিজ্ঞান পরীক্ষা (TAAT) গ্রহণ করিবে এবং উত্তীর্ণ প্রার্থীদের আয়কর রিটার্ন প্রস্তুতকারী সনদ প্রদান করিবে।

(২) আইনের ধারা ৩২৭ অনুযায়ী কর আইনজীবী হিসাবে স্বীকৃত ব্যক্তিগণের আবেদনের প্রেক্ষিতে বোর্ড, কোনো প্রকার পরীক্ষা ব্যতিরেকে, তাহাদের যোগ্যতার সনদ ও অন্যান্য প্রযোজ্য দলিলাদি যাচাইপূর্বক আয়কর রিটার্ন প্রস্তুতকারী সনদ প্রদান করিবে।

(৩) বোর্ড আয়কর রিটার্ন প্রস্তুতকারীদের জন্য প্রয়োজনীয় পাঠ্যসূচি প্রণয়ন ও প্রচার করিবে।

৫। **আয়কর রিটার্ন প্রস্তুতকারীর তালিকাভুক্তি।**—(১) বিধি ৪ এর অধীন সনদপ্রাপ্ত আয়কর রিটার্ন প্রস্তুতকারী তালিকাভুক্তির জন্য বোর্ডের নিকট সরাসরি আবেদন করিতে পারিবেন এবং আবেদনে তিনি যেই সহায়তাকারী প্রতিষ্ঠানের সহিত তালিকাভুক্ত হইতে আগ্রহী তাহার নাম উল্লেখ করিতে পারিবেন।

(২) বোর্ড উপ-বিধি (১) এর অধীন প্রাপ্ত আবেদন যাচাইক্রমে আবেদনকারীকে আয়কর রিটার্ন প্রস্তুতকারী হিসাবে তালিকাভুক্তির নিমিত্ত বোর্ডের সহিত নিবন্ধনপূর্বক একটি অনন্য শনাক্তকরণ সংখ্যা বা Unique Identification Number প্রদান করিবে।

(৩) একজন আয়কর রিটার্ন প্রস্তুতকারী যেই সহায়তাকারী প্রতিষ্ঠানের সহিত তালিকাভুক্ত হইবেন সেই সহায়তাকারী প্রতিষ্ঠান বোর্ড কর্তৃক নির্বাচিত হইবে।

৬। **প্রতিনিধিত্ব।**—এই বিধিমালার অধীন গৃহীত কর অভিজ্ঞান পরীক্ষা (TAAT) উত্তীর্ণ ও সনদপ্রাপ্ত আয়কর রিটার্ন প্রস্তুতকারীগণ কেবল আয়কর রিটার্ন প্রস্তুত ও দাখিল করিতে পারিবেন এবং কোনোভাবেই আইনের ধারা ৩২৭ অনুযায়ী কর আইনজীবী হিসাবে গণ্য হইবেন না।

৭। **সহায়তাকারী প্রতিষ্ঠান নির্বাচন।**—(১) বোর্ড এই বিধিমালার অধীন কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য প্রয়োজনে, ভৌগোলিক এলাকা ভিত্তিক এক বা একাধিক সহায়তাকারী প্রতিষ্ঠান নির্বাচন করিতে পারিবে।

(২) সহায়তাকারী প্রতিষ্ঠান নির্বাচনে আয়কর বিষয়ক সেবা ও পরামর্শ প্রদানে অভিজ্ঞ প্রতিষ্ঠান অগ্রাধিকার পাইবে।

(৩) সহায়তাকারী প্রতিষ্ঠানের আয়কর রিটার্ন প্রস্তুতকারীদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের সক্ষমতা থাকিতে হইবে।

(৪) সহায়তাকারী প্রতিষ্ঠানের আয়কর রিটার্ন প্রস্তুতকারীদের কম্পিউটার ল্যাবসহ রিটার্ন দাখিলের জন্য প্রয়োজনীয় লজিস্টিক সরবরাহের সক্ষমতা থাকিতে হইবে।

৮। **সহায়তাকারী প্রতিষ্ঠানের কার্যাবলি।**—সহায়তাকারী প্রতিষ্ঠানের কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা:—

(ক) বোর্ডের দিক নির্দেশনা ও তত্ত্বাবধানে কাজ করিবে এবং বোর্ড কর্তৃক, সময় সময়, জারীকৃত নির্দেশনাবলি অনুসরণ করিবে;

(খ) আয়কর রিটার্ন প্রস্তুতকারীদের—

(অ) প্রোফাইল সংরক্ষণ করিবে;

(আ) কর্মদক্ষতা নিরীক্ষণ করিবে; এবং

(ই) দক্ষতা বৃদ্ধির প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিবে।

**৯। আয়কর রিটার্ন প্রস্তুত এবং দাখিল।**—কোনো নিবাসী যোগ্য ব্যক্তি তাহার প্রথমবারের এবং পরবর্তী সময়ের আয়কর রিটার্ন, আয়কর রিটার্ন প্রস্তুতকারীর মাধ্যমে প্রস্তুত এবং দাখিল করিতে পারিবেন:

তবে শর্ত থাকে যে,

(ক) আইনের ধারা ১৬৬ এর অধীনে রিটার্ন দাখিল হইতে হবে;

(খ) আইনের ধারা ১৭৫, ১৮০(২) ও ২১২ এর অধীন দাখিলকৃত রিটার্ন হইবে না;

(গ) বোর্ড কর্তৃক নির্ধারিত অনলাইন মাধ্যমে রিটার্ন দাখিল করিতে হইবে।

**১০। যোগ্য ব্যক্তির কর্তব্য।**—যোগ্য ব্যক্তি নিশ্চিত হইবেন যে—

(ক) তাহার রিটার্ন এই বিধিমালার অধীন দাখিলযোগ্য;

(খ) তিনি, বোর্ড কর্তৃক নির্দেশিত পদ্ধতিতে, আয়কর রিটার্ন প্রস্তুতকারীকে সম্মতি প্রদান করিয়াছেন;

(গ) কর পরিগণনাসহ রিটার্নে উল্লিখিত তথ্যগুলি সঠিক ও সম্পূর্ণ;

(ঘ) তিনি আয়কর রিটার্ন প্রস্তুতকারীর নিকট হইতে কর প্রদানের চালান বুঝিয়া নিয়াছেন;

(ঙ) তিনি আয়কর রিটার্ন প্রস্তুতকারীর নিকট হইতে রিটার্ন দাখিলের সিস্টেম জেনারেটেড স্লিপ অথবা সার্টিফিকেট বুঝিয়া নিয়াছেন।

**১১। আয়কর রিটার্ন প্রস্তুতকারীর কর্তব্য।**—আয়কর রিটার্ন প্রস্তুতকারীর কর্তব্য হইবে নিম্নরূপ, যথা:—

(ক) তিনি দায়িত্বশীলতার সহিত যোগ্য ব্যক্তির রিটার্ন প্রস্তুত করিবেন;

(খ) তিনি রিটার্ন প্রস্তুত ও দাখিলের পূর্বে যোগ্য ব্যক্তির সম্মতি গ্রহণ করিবেন;

(গ) তিনি রিটার্নের একটি অনুলিপি সংশ্লিষ্ট যোগ্য ব্যক্তির কাছে হস্তান্তর করিবেন; এবং

(ঘ) রিটার্ন দাখিলের প্রমাণ (Proof of submission of return বা PSR) তাহার কাছে সংরক্ষণ করিবেন এবং যোগ্য ব্যক্তির নিকট হস্তান্তর করিবেন।

**১২। আয়কর রিটার্ন প্রস্তুতকারীদের প্রণোদনা।**—(১) বোর্ড আয়কর রিটার্ন প্রস্তুতকারীর জন্য নিম্নরূপ পরিমাণ প্রণোদনা অনুমোদন করিতে পারিবে, যথা:—

| সময় | আইনের ধারা ১৭৩ বা ১৭৪ এ প্রদত্ত মোট কর | প্রণোদনার হার |
|---|---|---|
| প্রথম, দ্বিতীয় ও তৃতীয় করবর্ষ | ন্যূনতম করের উপর | ১০% |
| | পরবর্তী পনেরো হাজার টাকা পর্যন্ত করের উপর | ২% |
| | পরবর্তী পঞ্চাশ হাজার টাকা করের উপর | ১% |
| | অবশিষ্ট করের উপর | ০.৫% |

| সময় | আইনের ধারা ১৭৩ বা ১৭৪ এ প্রদত্ত মোট কর | প্রণোদনার হার |
|---|---|---|
| চতুর্থ ও পঞ্চম করবর্ষ | ন্যূনতম করের উপর | ৫% |
| | পরবর্তী পনেরো হাজার টাকা পর্যন্ত করের উপর | ১% |
| | পরবর্তী পঞ্চাশ হাজার টাকা করের উপর | ০.৫% |
| | অবশিষ্ট করের উপর | ০.২৫% |

তবে শর্ত থাকে যে,

(ক) আয়কর রিটার্ন প্রস্তুতকারী দ্বারা প্রস্তুতকৃত আয়কর রিটার্নে করদাতার ঘোষিত আয়ের উপর করদাতার রিটার্নের সাথে প্রদত্ত ১৭৩ এবং ১৭৪ ধারার করের উপর প্রণোদনা প্রদান করা হইবে;

(খ) আয়কর রিটার্ন প্রস্তুতকারীর প্রাপ্য প্রণোদনার ১০% (দশ শতাংশ) সহায়তাকারী প্রতিষ্ঠান সার্ভিস চার্জ হিসাবে প্রাপ্য হইবে।

(২) যেক্ষেত্রে প্রথম বৎসরের আয়কর রিটার্ন দাখিলের পর কোনো যোগ্য ব্যক্তি আয়কর রিটার্ন প্রস্তুতকারী পরিবর্তন করিয়া নূতন আয়কর রিটার্ন প্রস্তুতকারীর মাধ্যমে দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ বা পঞ্চম করবর্ষের রিটার্ন দাখিল করিবেন, সেইক্ষেত্রে পরিবর্তিত আয়কর রিটার্ন প্রস্তুতকারী, ক্ষেত্রমত, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ বা পঞ্চম করবর্ষের জন্য নির্ধারিত হারে প্রণোদনা প্রাপ্য হইবেন।

(৩) বোর্ড, সময় সময়, উপ-বিধি (১) এর অধীন নির্ধারিত প্রণোদনা পরিবর্তন করিতে পারিবে।

**ব্যাখ্যা।**—এই বিধির উদ্দেশ্যে—

(ক) "প্রথম করবর্ষ" অর্থ যে করবর্ষে যোগ্য ব্যক্তি তাহার আয়কর রিটার্ন প্রথমবারের মতো দাখিল করিবেন এবং উক্ত যোগ্য ব্যক্তি ইতঃপূর্বে কোনো করবর্ষে রিটার্ন দাখিল করেন নাই;

(খ) "দ্বিতীয় করবর্ষ" অর্থ প্রথম করবর্ষের পরের করবর্ষ;

(গ) "তৃতীয় করবর্ষ" অর্থ দ্বিতীয় করবর্ষের পরের করবর্ষ;

(ঘ) "চতুর্থ করবর্ষ" অর্থ তৃতীয় করবর্ষের পরের করবর্ষ;

(ঙ) "পঞ্চম করবর্ষ" অর্থ চতুর্থ করবর্ষের পরের করবর্ষ;

(চ) "১৭৩ এবং ১৭৪ ধারায় প্রদত্ত মোট কর" অর্থ যোগ্য ব্যক্তি কর্তৃক প্রদত্ত রিটার্নের সহিত প্রদত্ত ১৭৩ এবং ১৭৪ ধারার কর এবং ইহাতে নিম্নোক্ত করাদি বা পরিশোধ অন্তর্ভুক্ত হইবে না—

(অ) কর দিবসের পরে রিটার্ন দাখিলের জন্য পরিশোধিত অতিরিক্ত কোনো কর;

(আ) রিটার্নে দাবিকৃত প্রত্যার্পনযোগ্য কর; এবং

(ই) উৎসে পরিশোধিত কর।

**১৩। পঞ্চম করবর্ষ পরবর্তী রিটার্ন দাখিল।**—আয়কর রিটার্ন প্রস্তুতকারী একজন যোগ্য ব্যক্তির পঞ্চম করবর্ষ পরবর্তী যে কোনো সময়ের জন্য রিটার্ন প্রস্তুত ও দাখিল করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, পঞ্চম করবর্ষ পরবর্তী যে কোনো সময়ের জন্য রিটার্ন দাখিলের জন্য কোনো প্রণোদনা প্রদান করা হইবে না।

**১৪। সহায়তাকারী প্রতিষ্ঠানের সার্ভিস চার্জ।**—সহায়তাকারী প্রতিষ্ঠান আয়কর রিটার্ন প্রস্তুতকারীর প্রণোদনার ১০% (দশ শতাংশ) সার্ভিস চার্জ হিসাবে প্রাপ্য হইবে।

**১৫। বিল দাখিল ও পরিশোধ।**—(১) বিধি ১২ এর অধীন আয়কর রিটার্ন প্রস্তুতকারী রিটার্ন দাখিলের প্রেক্ষিতে প্রাপ্য প্রণোদনার অর্থ প্রাপ্তির জন্য সহায়তাকারী প্রতিষ্ঠানের মাধ্যমে বোর্ডের নিকট আবেদন করিবে।

(২) আয়কর রিটার্ন প্রস্তুতকারীর প্রাপ্য প্রণোদনা ও নির্ধারিত সার্ভিস চার্জ প্রদর্শন করিয়া সহায়তাকারী প্রতিষ্ঠান বোর্ডের নিকট বিল দাখিল করিবেন।

(৩) বোর্ড পরীক্ষা-নিরীক্ষাপূর্বক বিল অনুমোদন করিবে এবং পৃথকভাবে আয়কর রিটার্ন প্রস্তুতকারীর প্রাপ্য প্রণোদনা ও সহায়তাকারী প্রতিষ্ঠানের সার্ভিস চার্জ পরিশোধ করিবে।

**১৬। আয়কর রিটার্ন প্রস্তুতকারী ও সহায়তাকারী প্রতিষ্ঠানের সহিত সম্পর্কিত বিবরণ রক্ষণাবেক্ষণ।**—(১) বোর্ড প্রত্যেক আয়কর রিটার্ন প্রস্তুতকারী ও সহায়তাকারী প্রতিষ্ঠানের সহিত সম্পর্কিত তথ্য সংরক্ষণ করিবে এবং, সময় সময়, তাহাদের কর্মদক্ষতা মূল্যায়ন করিবে।

(২) বোর্ড, সময় সময়, আয়কর রিটার্ন প্রস্তুতকারী ও সহায়তাকারী প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করিবে।

**১৭। আয়কর রিটার্ন প্রস্তুতকারীর সনদ বাতিল।**—(১) বোর্ড, কোনো আয়কর রিটার্ন প্রস্তুতকারীকে তাহার কাজের ঘাটতি ও তাহার অসদাচরণ সম্পর্কে সতর্ক করিতে পারিবে এবং নিম্নবর্ণিত ঘাটতি বা অসদাচরণের কারণে আয়কর রিটার্ন প্রস্তুতকারীর সনদ বাতিলের পদক্ষেপ গ্রহণ করিতে পারিবে, যথা:—

(ক) যদি তিনি করদাতাকে নিম্নবর্ণিত দলিলাদি সরবরাহ করিতে অপারগ হন -

  (অ) দাখিলকৃত রিটার্নের সিস্টেম জেনারেটেড একটি অনুলিপি;

  (আ) রিটার্ন দাখিলের প্রমাণ (Proof of submission of return বা PSR);

(খ) যদি তিনি তাহার দ্বারা প্রস্তুতকৃত রিটার্নে সঠিকভাবে করদাতা কর্তৃক সরবরাহকৃত তথ্য সন্নিবেশ করিতে ব্যর্থ হন;

(গ) যদি তিনি বিধি ১২ এর উপ-বিধি (১) এর অধীন প্রতারণামূলকভাবে প্রণোদনা দাবি করেন;

(ঘ) যদি তিনি কোনো আর্থিক অনিয়ম বা জালিয়াতির সহিত জড়িত থাকেন;

(ঙ) যদি তিনি ইচ্ছাকৃতভাবে রিটার্নে আয় বা আয়ের উপর পরিগণিত কর দায়বদ্ধতা অবমূল্যায়ন করিবার চেষ্টা করেন;

(চ) যদি তিনি গুরুতর প্রকৃতির অন্য কোনো অনিয়মের সহিত জড়িত থাকেন এবং বোর্ডের নিকট উহার স্বপক্ষে প্রমাণাদি উপস্থাপিত হয়;

(ছ) যদি তিনি, সময় সময়, বোর্ডের জারি করা নির্দেশনা মানিয়া চলিতে ব্যর্থ হন;

(জ) যদি তিনি আয়কর রিটার্ন প্রস্তুতকারী সনদ প্রাপ্তির পর সরকারি চাকরি থেকে আয় প্রাপ্ত হন।

(২) কোনো আয়কর রিটার্ন প্রস্তুতকারী এই বিধিমালার অধীন আয়কর রিটার্ন প্রস্তুত ও দাখিল করিতে পারিবেন, যদি না—

(ক) এই বিধিমালার অধীন তাহাকে প্রদত্ত আয়কর রিটার্ন প্রস্তুতকারী সনদ বোর্ড কর্তৃক স্থগিত বা প্রত্যাহার করা হয়; বা

(খ) এই বিধিমালা বোর্ড দ্বারা প্রত্যাহার করা হয়।

**১৮। সহায়তাকারী প্রতিষ্ঠানের সহিত চুক্তি বাতিল।**—বোর্ড স্বপ্রণোদিত হইয়া অথবা আয়কর রিটার্ন প্রস্তুতকারীর অভিযোগের ভিত্তিতে কোনো সহায়তাকারী প্রতিষ্ঠানকে উহার যে কোনো ধরনের পরিপালনজনিত ঘাটতি ও অসদাচরণ সম্পর্কে সতর্ক করিতে পারিবে এবং সহায়তাকারী প্রতিষ্ঠানের সহিত চুক্তি বাতিলের পদক্ষেপ গ্রহণ করিবে যদি সহায়তাকারী প্রতিষ্ঠান—

(ক) সন্তোষজনক সংখ্যক টিআরপি (Tax Return Preparer) তালিকাভুক্তকরণে ব্যর্থ হয়; বা

(খ) অন্য কোনো কারণে তাহার উপর অর্পিত দায়িত্ব পরিপালনে সক্ষম না হয়; বা

(গ) রাজস্ব ও জনস্বার্থ পরিপন্থি কোনো কর্মকাণ্ডে জড়িত বলিয়া বোর্ডের নিকট প্রতীয়মান হয়।

**১৯। গোপনীয়তা লঙ্ঘন।**—কোনো আয়কর রিটার্ন প্রস্তুতকারী অথবা কোনো সহায়তাকারী প্রতিষ্ঠান কোনো করদাতার তথ্যের গোপনীয়তা লঙ্ঘন করিলে, বোর্ড তাহার বিরুদ্ধে আয়কর আইনের অধীন ফৌজদারী মামলা দায়েরসহ অন্যান্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

**২০। রহিতকরণ।**—২৩ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখে এস.আর.ও. নং-১৬৮-আইন/আয়কর/২০২৩ এর মাধ্যমে প্রাক-প্রকাশিত আয়কর রিটার্ন প্রস্তুতকারী বিধিমালা, ২০২৩ এতদ্দ্বারা রহিত করা হইলো।

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে**

**ড. সামস উদ্দিন আহমেদ**
**সদস্য (গ্রেড-১)**
**(করনীতি)।**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**(আয়কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১২ আষাঢ়, ১৪৩০ বঙ্গাব্দ/২৬ জুন খ্রিষ্টাব্দ।

**এস. আর. ও. নং -২০৮-আইন/আয়কর-০৩/২০২৩।**—জাতীয় রাজস্ব বোর্ড, আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ৭৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, কয়লাভিত্তিক বিদ্যুৎ উৎপাদনকারী কোম্পানি ব্যতীত, যে সকল Private Power Generation কোম্পানির—

(১) বাণিজ্যিক উৎপাদন ০১ জানুয়ারি, ২০২৩ খ্রিষ্টাব্দ হইতে ৩০ জুন, ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখের মধ্যে আরম্ভ হইবে, সেই সকল কোম্পানিকে নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহে উক্ত আইনের অধীন প্রদেয় কর হইতে অব্যাহতি প্রদান করিল, যথা:—

(ক) কোম্পানির কেবল বিদ্যুৎ উৎপাদন ব্যবসায় হইতে অর্জিত আয়ের উপর, উহাদের বাণিজ্যিক উৎপাদনের তারিখ হইতে ৩০ জুন, ২০৩৬ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত;

(খ) কোম্পানিতে কর্মরত বিদেশি ব্যক্তিগণের আয়ের উপর, বাংলাদেশে তাহাদের আগমনের তারিখ হইতে পরবর্তী ৩ (তিন) বৎসরের জন্য;

(গ) কোম্পানি কর্তৃক গৃহীত বৈদেশিক ঋণের উপর প্রদেয় সুদের উপর;

(ঘ) কোম্পানি কর্তৃক প্রদেয় royalties, technical know-how and technical assistance fees এর উপর; এবং

(ঙ) কোম্পানির শেয়ার হস্তান্তরের ফলে উদ্ভূত মূলধনি আয়ের উপর।

(২) বাণিজ্যিক উৎপাদন ০১ জুলাই, ২০২৪ খ্রিষ্টাব্দ হইতে ৩০ জুন, ২০২৫ খ্রিষ্টাব্দ তারিখের মধ্যে আরম্ভ হইবে, সেই সকল কোম্পানিকে নিম্নবর্ণিত সারণী মোতাবেক উক্ত আইনের অধীন প্রদেয় কর হইতে অব্যাহতি প্রদান করিল, যথা:—

**সারণী**

| কর অব্যাহতির মেয়াদ | কর অব্যাহতির হার |
|---|---|
| বাণিজ্যিক উৎপাদন আরম্ভ হইতে প্রথম ৫ (পাঁচ) বৎসর পর্যন্ত (প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ ও পঞ্চম বৎসর) | ১০০% |
| পরবর্তী ৩ (তিন) বৎসর পর্যন্ত (ষষ্ঠ, সপ্তম ও অষ্টম বৎসর) | ৫০% |
| পরবর্তী ২ (দুই) বৎসর পর্যন্ত (নবম ও দশম বৎসর) | ২৫% |

**শর্তাবলি:**

(ক) উক্ত আইনের সকল বিধানাবলি পরিপালন করিতে হইবে; এবং

(খ) Private Sector Power Generation Policy of Bangladesh এ নির্ধারিত সকল শর্তাবলি পূরণ করিতে হইবে এবং উক্ত Policy-তে বর্ণিত ব্যবস্থা অনুসারে কোম্পানিসমূহ পরিচালিত হইতে হইবে।

২। ১৯ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস. আর. ও নং-১৯৪-আইন/আয়কর/২০২৩ এতদ্দ্বারা রহিত করা হইল।

৩। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

**রাষ্ট্রপতির আদেশক্রমে**

**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
সিনিয়র সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**(আয়কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১২ আষাঢ়, ১৪৩০ বঙ্গাব্দ/২৬ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নং-২০৯-আইন/আয়কর-০৪/২০২৩।**—জাতীয় রাজস্ব বোর্ড, আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ৩৪৩ এ প্রদত্ত ক্ষমতাবলে, Income Tax Rules, 1984 এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত Rules এর Rules 10, 11A, 12, 13, 14, 16, 17A, 17H, 17II, 18, 18A, 19, 20, 21, 21A, 22, 24A, 33 এবং 33A-33J বিলুপ্ত হইবে।

২। ২৩ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও নং-১৬৭-আইন/আয়কর/২০২৩ এতদ্দ্বারা রহিত করা হইল।

৩। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখ হইতে কার্যকর হইবে।

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে**

**ড. সামস উদ্দিন আহমেদ**
**সদস্য (গ্রেড-১)**
**(কর নীতি)।**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**(আয়কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১২ আষাঢ়, ১৪৩০ বঙ্গাব্দ/২৬ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নং ২১০-আইন/আয়কর-০৫/২০২৩।**—জাতীয় রাজস্ব বোর্ড, আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৭৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, রপ্তানি হইতে অর্জিত সকল প্রকার আয়ের উপর নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, আয়কর অব্যাহতি বা, ক্ষেত্রমত, হ্রাস করিয়া প্রদেয় আয়করের হার নিম্নবর্ণিতভাবে ধার্য করিল, যথা:—

(ক) স্বাভাবিক ব্যক্তি (individual), ফার্ম ও হিন্দু অবিভক্ত পরিবার কর্তৃক অর্জিত আয়ের ৫০% করমুক্ত থাকিবে;

(খ) স্বাভাবিক ব্যক্তি (individual), ফার্ম ও হিন্দু অবিভক্ত পরিবার ব্যতীত অন্যান্য করদাতাদের করহার ১২% হইবে; এবং

(গ) স্বাভাবিক ব্যক্তি (individual), ফার্ম ও হিন্দু অবিভক্ত পরিবার ব্যতীত অন্যান্য করদাতা কর্তৃক Leadership in Energy and Environmental Design (LEED) Certified কারখানায় উৎপাদিত পণ্য রপ্তানি হইতে অর্জিত আয়ের উপর ১০%।

**শর্তাবলি:**

(অ) রপ্তানিকারককে করদাতা শনাক্তকরণ নম্বর (টিআইএন)-ধারী হইতে হইবে;

(আ) এই প্রজ্ঞাপনের অধীন অনুমোদিত প্রতিষ্ঠানকে উক্ত আইনের বিধানাবলি পরিপালন করিতে হইবে;

(ই) কোনো আয়বর্ষে (income year) পরিবেশ সংশ্লিষ্ট বিধি-বিধান লঙ্ঘনের দায়ে সরকারের কোনো কর্তৃপক্ষ কর্তৃক অর্থদণ্ড আরোপিত হইলে সংশ্লিষ্ট করবর্ষে নিয়মিত হারে আয়কর পরিশোধযোগ্য হইবে।

২। সকল প্রকার Transportation Service, Mobile Telecommunication Service এবং Internet and Internet Related Service এর জন্য এই প্রজ্ঞাপনে বর্ণিত কর অব্যাহতি সুবিধা প্রযোজ্য হইবে না।

৩। উক্ত আইনের কোনো বিধান বা অন্য কোনো প্রজ্ঞাপনের অধীন কোনো করদাতা কর অব্যাহতি সুবিধা প্রাপ্ত হইলে এই প্রজ্ঞাপনে বর্ণিত কর অব্যাহতি সুবিধা প্রাপ্য হইবেন না।

৪। ১ জুন ২০২২ তারিখ জারীকৃত প্রজ্ঞাপন এস. আর. ও নং-১৫৮-আইন/আয়কর/২০২২ এতদ্দারা রহিত করা হইল।

৫। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০২৩ খ্রিষ্টাব্দ হইতে কার্যকর হইবে এবং ৩০ জুন ২০২৮ খ্রিষ্টাব্দ পর্যন্ত কার্যকর থাকিবে।

**রাষ্ট্রপতির আদেশক্রমে**

**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
সিনিয়র সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড।

মোস্তাফিজুর রহমান, উপপরিচালক (ভারপ্রাপ্ত), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ সাখাওয়াত হোসেন, উপপরিচালক (উপসচিব) (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd